

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 12-01-2026**  
**Time : 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Swami Vivekananda:**

আজ যুব নায়ক স্বামী বিবেকানন্দের ১৬৪ তম জন্মজয়ন্তী। দিনটি জাতীয় যুব দিবস উপলক্ষ্যে উদযাপন করা হয়। ১৮৬৩ সালে কলকাতার সিমুলিয়ায় তাঁর জন্ম -স্বামী বিবেকানন্দ মানব চেতনা, বীরত্বের মূর্ত প্রতীক। রামকৃষ্ণ মিশনের উদ্যোগে দিনটি পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। আজ সকালে আগরতলার বিবেক উদ্যানে স্বামীজীর মূর্তির পাদদেশে শ্রদ্ধান্জলী নিবেদন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

**Yong leaders Dialogue P.M.**

জাতীয় যুব দিবস উপলক্ষে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সন্ধ্যায় নতুন দিল্লিতে বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ ২০২৬-এর সমাপ্তি অধিবেশনে অংশগ্রহণ করবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এখানে সারা দেশ থেকে প্রায় তিন হাজার যুবকের সঙ্গে কথা বলবেন, পাশাপাশি আন্তর্জাতিক প্রবাসী প্রতিনিধিত্বকারী তরুণ প্রতিনিধিদের সঙ্গে মিলিত হবেন। নির্বাচিত অংশগ্রহণকারীরা প্রধানমন্ত্রীর সামনে দশটি থিম্যাটিক ট্র্যাক জুড়ে তাদের চূড়ান্ত উপস্থাপনা প্রদান করবেন, যেখানে যুব নেতৃত্বাধীন দৃষ্টিভঙ্গি এবং জাতীয় গুরুত্বের গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে বাস্তবায়নযোগ্য ধারণা শেয়ার করা হবে। অনুষ্ঠানের সময়, প্রধানমন্ত্রী বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ ২০২৬-এর

জন্য প্রবন্ধ সংকলন প্রকাশ করবেন। বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগে অংশ নিতে ত্রিপুরা থেকে ৬২ জনের যুব প্রতিনিধি দিল্লিতে রয়েছেন।

\*\*\*\*\*

## ISRO.

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো) আজ ভারতীয় সময় সকাল ১০:১৭ মিনিটে শ্রীহরিকোটার - সাতিশ ধাওয়ান স্পেস সেন্টারের ফার্স্ট লঞ্চ প্যাড থেকে PSLV-C62 রকেটের মাধ্যমে EOS-N1 স্যাটেলাইট উৎক্ষেপণ করবে। মিশনটি নিউস্পেস ভারত লিমিটেড (NSIL) দ্বারা পরিচালিত হচ্ছে।

\*\*\*\*\*

## PM-Rajkoat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, বিশ্বব্যাপী অনিশ্চয়তার মধ্যে ভারত অভূতপূর্ব নিশ্চিততার পর্যায়ে প্রত্যক্ষ করেছে। গতকাল রাজকোটে আয়োজিত কচ্ছ ও সৌরাষ্ট্র অঞ্চলের জন্য দু'দিনের ভাইব্রেন্ট গুজরাট আঞ্চলিক সম্মেলনের উদ্বোধনের পর শ্রী মোদি একথা বলেন। তিনি বলেন, ভারত উন্নত দেশ হওয়ার লক্ষ্যে দ্রুত অগ্রসর হচ্ছে এবং এই লক্ষ্যে অর্জনে সংস্কার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। প্রধানমন্ত্রী শিল্পপতিদের ভারত এবং সৌরাষ্ট্র-কচ্ছ অঞ্চলে বিনিয়োগের আহ্বান জানিয়ে বলেন, বিনিয়োগের জন্য এটাই সঠিক সময়। শ্রী মোদী জানান, কচ্ছ বিশ্বের বৃহত্তম ৩০ গিগাওয়াট ক্লিন এনার্জি পার্ক তৈরি করা হচ্ছে।

\*\*\*\*\*

## CM -NORTH VISIT :

উত্তর জেলা সফরের দ্বিতীয় দিনে গতকাল সকালে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা চুড়াইবাড়ি বিক্রয় কর দপ্তর, পরিবহন দপ্তরের চেকপোস্ট এবং থানা

পরিদর্শন করেন। সেখান থেকে তিনি আসাম আগরতলা জাতীয় সড়কের চাঁদপুরে গিয়ে স্থানীয় জনগণের সঙ্গে কথা বলেন। মুখ্যমন্ত্রী ধর্মনগরে কামেশ্বরস্থিত অয়েল ডিপো পরিদর্শন করেন। এরপরে তিনি বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের বাসভবনে গিয়ে পরিবার-পরিজনদের সঙ্গে কথা বলেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ, বিধায়ক যাদব লাল নাথ, জেলাশাসক চাঁদনী চন্দ্রন, জেলা পুলিশ সুপার অবিনাশ রাই প্রমুখ। পরে মুখ্যমন্ত্রী পদ্মপুরে বিজেপির জেলা কার্যালয়ে এক সভায় যোগ দেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শ্রমমন্ত্রী টিংকু রায়, বিজেপির রাজ্য সভাপতি তথা সংসদ রাজীব ভট্টাচার্য সহ অন্যান্য নেতৃবৃন্দ।

\*\*\*\*\*

## **Weather.**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.১ ডিগ্রি সেলসিয়াস। যা ছিল স্বাভাবিকের চাইতে ২ ডিগ্রি বেশি। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৬ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*

## **ST Hostel: Footbal:**

রাজ্য সরকারের জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আয়োজিত ভগবান বিরসা মুন্ডা রাজ্য ভিত্তিক হোস্টেল ফুটবল প্রতিযোগিতার আজ ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে এই প্রতিযোগিতার ফাইনাল ম্যাচ খেলা হবে ও পুরস্কার বিতরণ করা হবে। বালক ও বালিকা উভয় বিভাগে ফাইনাল ম্যাচ খেলা হবে আজ।

\*\*\*\*\*

